

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্যসেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

শৃঙ্খলা অধিশাখা

www.mohfw.gov.bd

নং- ৮৫.১৫০.০২৭.০১.০০.০৮০.২০১৭-৮৮০

তারিখঃ ২৭.১০.২০১৭ খ্রি:

বিষয়ঃ ডাঃ মোহাম্মদ আব্দুল খালেক (১০১৬১৫), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মিরসরাই, চট্টগ্রামের বিবৃক্ষে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক বিভাগীয় মামলা

অভিযোগনাম

যেহেতু, আপনি ১৭ মার্চ, ২০১৭ খ্রি: “জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস” উপলক্ষ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক সরকারি হাসপাতালসমূহে উন্নতমানের খাবার পরিবেশন করার নির্দেশনা থাকলেও মিরসরাই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের উন্নতমানের খাবার পরিবেশন করেননি;

যেহেতু, আপনি ১৭ মার্চ, ২০১৭ খ্রি: “জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস” যথাযোগ্য মর্যাদায় মিরসরাই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পালন করেননি;

যেহেতু, আপনি ১৪ এপ্রিল, ২০১৭ খ্রি: “পহেলা বৈশাখ ১৪২৪” উপলক্ষ্যে সরকারি হাসপাতালসমূহে উন্নতমানের ঐতিহ্যবাহী বাঙালি খাবার পরিবেশনের নির্দেশনা থাকলেও তা প্রতিপালন করেননি;

যেহেতু, আপনি উর্ধ্বতন কর্তৃপক্ষের বৈধ আদেশ অমান্য করেছেন এবং তা প্রতিপালন না করে সরকারি আদেশের প্রতি চ্যালেঞ্জ ছুড়ে দিয়েছেন, আপনার উল্লিখিত কার্যকলাপ শৃঙ্খলা পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক ‘অসদাচরণ’ হিসেবে গণ্য;

এক্ষণে সেহেতু, আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর দায়ে অভিযুক্ত করা হলো এবং কেন আপনাকে উক্ত বিধিমালার অধীনে যথোপযুক্ত কোন দণ্ড প্রদান করা হবে না-এ নোটিস প্রাপ্তির ১০(দশ) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এ বিষয়ে কারণ দর্শনোর জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। একই সাথে আপনি ব্যক্তিগত শুনানি চান কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হলো।

অভিযোগ বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।


(মোঃমিরসরাজুল হক খান)
সচিব


ডাঃ মোহাম্মদ আব্দুল খালেক (১০১৬১৫),
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মিরসরাই,
চট্টগ্রাম।

নং- ৮৫.১৫০.০২৭.০১.০০.০৮০.২০১৭-৮৮০/১(৫)

তারিখঃ ২৭.১০.২০১৭ খ্রি:

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। যুগ্মসচিব (পার-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক (স্বাস্থ্য), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৪। সিডিল সার্জন, চট্টগ্রাম।
- ৫। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং ই-মেইলে প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিসটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।


২৭.১০.২০১৭

(আসমা তাসকিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

disc@hsd.gov.bd

১০

অভিযোগ বিবরণী

আপনি ডাঃ মোহাম্মদ আব্দুল খালেক (১০১৬১৫), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মিরসরাই, চট্টগ্রাম ১৭ মার্চ, ২০১৭ খ্রিঃ “জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস” উপলক্ষ্যে উন্নতন কর্তৃপক্ষ কর্তৃক সরকারি হাসপাতালসমূহে উন্নতমানের খাবার পরিবেশন করার নির্দেশনা থাকলেও মিরসরাই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের উন্নতমানের খাবার পরিবেশন করেননি এবং যথাযোগ্য মর্যাদায় মিরসরাই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে উক্ত দিবস পালন করেননি এবং ১৪ এপ্রিল, ২০১৭ খ্রিঃ “পহেলা বৈশাখ ১৪২৪” উপলক্ষ্যে সরকারি হাসপাতালসমূহে উন্নতমানের প্রতিহ্যবাহী বাঙালি খাবার পরিবেশনের নির্দেশনা থাকলেও তাও প্রতিপালন করেননি। আপনার উপরোক্তিত কার্যকলাপ শৃঙ্খলা পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক ‘অসদাচরণ’ হিসেবে গণ্য। আপনি উপর্যুক্ত আচরণ দ্বারা ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর দায়ে অভিযুক্ত হয়েছেন।

১০
(মেঝে সিরাজুল ইক্বান)
সচিব